

॥ সাহিত্য ॥

* গদ্য :

১। নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

ক। ভোরবেলায় ঋষিকুমারেরা কী কী ফল কুড়োত?

এই ফল কি কাজে ব্যবহৃত হয়?

খ। কাকে বসন্তের দূত বলা হয়? কখন ময়ূর নাচত?

গ। আবদুল মাঝি কীসে করে মাছ ধরতে যেত এবং

কোথা থেকে ইলিশ মাছ ধরত?

ঘ। ঝড়ের সময় বাঘটা কোথায় চড়েছিল?

ঙ। ব্যাঘ্র ও পালিত কুকুর গল্পে কাকে কেন কখনো

কখনো উপবাসে থাকতে হয়?

চ। কুকুরকে রাতে প্রভুর বাড়ি কী কাজ করতে হত?

২। নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

ক। ‘সে দাদাকে এনে দিত’ - কার কথা বলা

হয়েছে? তার চেহারার বর্ণনা দাও।

খ। “তুমি কেমন করিয়া, এমন সবল ও সুলকায় হইলে”

-কে কাকে একথা বলেছিল? একথা বলার কারণ কী?

গ। মহর্ষি কণ্ণের আশ্রমে ঋষিকুমারদের কাজের পরিচয় দাও।

পদ্য :

১। নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

ক। কে কোথায় থেকে শিল্পের বড়াই করে?

খ। বাবুই ছোট বাসায় থেকেও দুঃখ না করে আনন্দ প্রকাশ করল কেন ? কবিতায় তার বাসাকে কার সাথে তুলনা করা হয়েছে?

গ। পিপীলিকা কোন্ সময়ের জন্য কী সংগ্রহে যাচ্ছে?

ঘ। ছোটো পাখি কিভাবে ডাকে আর সে কি দিয়ে বাসা বুনবে?

ঙ। কোন্ ধরনের ছেলেকে আমরা সকলে চাই?

চ। রাজার ছেলে আর কৃষকের ছেলের মধ্যে মিল কোথায়?

২। নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

ক। ‘মুখে হাসি, বুকে বল, তেজে ভরা মন’-কাদের কথা বলা হয়েছে? তাদের পণ কী ?

খ। ‘পাকা হোক তবু ভাই পরেরও বাসা’-কার লেখা? কে একথা কাকে বলেছে?

গ। মৌমাছি, ছোটো পাখি ও পিপীলিকাকে কাজের লোক বলার কারণ কী?